দৈনিক ইনকিলাব

তারিখ .. 14 DEC 1992 ..
পৃষ্ঠা ... ৫ ... কলাম .. ৩ ...

# শিক্ষাঙ্গন

## ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নতুন নিয়মে বিভিন্ন কলেজে ১৯৯৩ সনের ডিগ্রী পরীক্ষার বিভাগ (কলা/বাণিজ্য/বিজ্ঞান) ও অন্যান্য বিষয়াদি পরিবর্তনের সময় গত ৩১-১০-৯২ তারিখে শেষ হয়েছে। যেহেতু নিয়মটি নতুন তাই অনেক ছাত্র-ছাত্রী নতুন এ নিয়মটি সম্বন্ধে অবগত ছিল না। ফলে আমরা অনেক ছাত্র-ছাত্রী বিভাগ পরিবর্তন করতে চাইলেও তা পারছি না। আমরা বিভাগ পরিবর্তনের আশায় লেখাপড়া স্থগিত রেখেছি এবং হতাশার মধ্যে দিন কাটাচ্ছি। এমতাবস্থায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন, এই অবস্থার অবসান ঘটানোর জন্য ১৯৯৩ সনের ডিগ্রী পরীক্ষার বিভাগ ও অন্যান্য বিষয়াদি পরিবর্তনের সময় আরও এক মাস অতিসত্বর বাড়ানো হোক।

—কামরুল হাসান